

## উপসহাপরিদর্শকের কার্যালয়, খুলনার "Complaint Committee" এর সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ)  
 সভার তারিখ : ২৮-০৯-২০২২ খ্রিঃ  
 সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা  
 সভার স্থান : অত্র দপ্তরের সভাকক্ষ  
 উপস্থিতি : পরিশিষ্ট-ক


সভাপতি সভায় উপস্থিত সকলকে শূভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব অত্র দপ্তরের শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব শেখ নুরুজ্জামান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভার কার্যপত্র অনুযায়ী আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	গত সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান।	গত সভার কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় দৃষ্টিকরণ করা হয়।	জনাব শেখ নুরুজ্জামান, শ্রম পরিদর্শক (সাধারণ) ও সদস্য সচিব; Complaint Committee.
২.	দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি	সভাপতি- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক দায়েরকৃত রীট (রীট পিটিশন নং- ৫৯১৬/২০০৮) এর প্রেক্ষিতে মহামান্য সুপ্রিম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগ এর রায়ের প্রেক্ষিতে গঠিত "Complaint Committee" এর কার্যবলী বিষয়ে অত্র দপ্তরের নারী কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধিকরণের ওপর গুরুত্বারোপ করেন।	Complaint Committee এর কার্যপরিধি সম্পর্কে অত্র দপ্তরের নারী কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে।	জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) ও সদস্য; Complaint Committee.
৩.	পরিদর্শন ও প্রতিবেদনে Complaint Committee এর অন্তর্ভুক্তিকরণ	কমিটির সদস্য সচিব বলেন, বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১ম সংশোধনীতে (বিধি- ৩৬১কঃ মহিলাদের প্রতি আচরণ) এতদ্বিষয়ে সুনির্দিষ্ট বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে, পরিদর্শনে বিষয়টি গুরুত্ব-সহকারে পর্যবেক্ষণ ও পরিদর্শন প্রতিবেদনে তা উল্লেখ করা যেতে পারে। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ ও সভাপতি এতদ্বিষয়ে একমত পোষণ করেন।	পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনে বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি- ৩৬১ক (মহিলাদের প্রতি আচরণ) এর বিধান অন্তর্ভুক্ত করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা।
৪.	কারখানা পর্যায়ে Complaint Committee গঠন	কমিটির সদস্য এডভোকেট জনাব শামীমা সুলতানা (শিল্প); নির্বাহী পরিচালক, MASSAS, খুলনা বলেন, কারখানা পর্যায়ে Complaint Committee যথাযথভাবে গঠন করা হচ্ছে কি না এবং কমিটিতে বিধি মোতাবেক নারীদের অংশগ্রহণ নিশ্চিত হচ্ছে কি না- সে বিষয়ে তদারকি কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। সভাপতি একমত পোষণপূর্বক এতদ্বিষয়ে গুরুত্বারোপ করেন।	কারখানা পর্যায়ে Complaint Committee যথাযথভাবে গঠন করা হচ্ছে কি না এবং কমিটিতে বিধি মোতাবেক নারীদের অংশগ্রহণ নিশ্চিত হচ্ছে কি না- এতদ্বিষয়ে নিয়মিত তদারকি করতে হবে।	শ্রম পরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা।

*Signature*

৫.	কারখানা পর্যায়ে Complaint Committee সম্পর্কে সচেতনতা বৃদ্ধি	কমিটির সদস্য জনাব জাকিয়া পারভীন; Solidarity Center, খুলনা বলেন, Complaint Committee এর কার্যপরিধি, কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য, নারী শ্রমিকদের অভিযোগ দাখিলের পদ্ধতি এবং অভিযোগ নিষ্পত্তিকরণ সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কারখানা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা যেতে পারে। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ ও সভাপতি এতদ্বিষয়ে ঐকমত্য পোষণ করেন।	MASSAS ও Solidarity Center এর সহযোগিতায় কারখানা পর্যায়ে Complaint Committee সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'উদ্বুদ্ধকরণ সভা' পরিচালনা করা যাবে কি না- এতদ্বিষয়ে সংশ্লিষ্ট সদস্যবৃন্দ পরবর্তী সভায় প্রতিবেদন উপস্থাপন করবেন।	১। জনাব শামীমা সুলতানা (শিল্প); নির্বাহী পরিচালক, MASSAS, খুলনা। ও ২। জনাব জাকিয়া পারভীন; Solidarity Center, খুলনা।
----	--	---	---	--

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

  
 মোঃ শাহিনুর রহমান  
 সহকারী মহাপরিদর্শক (সাধারণ)

ও  
 আহবায়ক, Complaint Committee  
 কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা।